



(একই তারিখ ও স্মারকে সংশোধিত)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১১১১১১১/মুস্বীগঞ্জ -১৭/৩২৬৭/ ৭

তারিখঃ ২৬.০৬.২০১৯খ্রিঃ

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: ১। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাস/৩২০২/৭/মুস্বীগঞ্জ -১৭; তারিখ: ১৩/০২/২০১৯  
২। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৩০.৫৯৪৪.০০২.০০.০৩৪.১৯-৩৬৩ (সং); তারিখ: ২৮/০৫/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মুস্বীগঞ্জ জেলার লৌহজং উপজেলাধীন বাসুদিয়া নেছারিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ ও কমিটির সভাপতির বিরুদ্ধে গভার্ণিং বডির অভিভাবক সদস্য জনাব মো: ইকবাল হোসেন, জনাব মো: মুরাদ হোসেন, জনাব মো: আ: রহিম অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগে অত্র মাদ্রাসার অধ্যক্ষ ও সভাপতির দুর্নীতি, স্বৈচ্ছাচারিতা, স্বজনপ্রীতি, দাতা সদস্যদের দেওয়া অর্থ আত্মসাৎ, মনগড়া ভাবে মাদ্রাসা পরিচালনা, নারী নিয়ে নানা অপকর্মসহ মাদ্রাসাটি পুঁজি করে নানা প্রকার ব্যবসা, নিজ নামে ব্যাংক লেনদেন, মাদ্রাসাকে হুক্স এজেন্সির অফিস বানানোসহ নানা অনিয়মের বিষয়ে অভিযোগ করায় সূত্রোক্ত ০১(এক) নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, লৌহজং, মুস্বীগঞ্জকে অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ০২(দুই) নং স্মারকের মাধ্যমে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা অধ্যক্ষ ও সভাপতির বিরুদ্ধে দুর্নীতির বিষয়টি প্রমাণিত হয়েছে মর্মে মতামত দেন। কারণ হিসেবে তিনি উল্লেখ করেন যে, মাদ্রাসায় টাকা পয়সা গ্রহণ ও লেনদেন এর জন্য মাদ্রাসার নামে নির্দিষ্ট কোন এ্যাকাউন্ট নেই। মাদ্রাসার জন্য উপার্জিত অর্থ ব্যাংক লেনদেনের মাধ্যমে না হয়ে লিল্লাহ বোর্ডিং, অধ্যক্ষ ও সভাপতির নামে গ্রহণ করা হয়। অধ্যক্ষ ও কমিটির বর্তমান সভাপতির সাথে সুসম্পর্ক থাকায় আর্থিক লেনদেনের বিষয়টি স্বচ্ছতার সহিত পরিচালিত হচ্ছে না।

বর্ণিত অবস্থায় উক্ত মাদ্রাসার অধ্যক্ষ ও সভাপতি সম্মিলিতভাবে দুর্নীতির সাথে অভিযুক্ত বিধায় অধ্যক্ষের বিরুদ্ধে এমপিও বন্ধের সুপারিশসহ কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার ব্যাখ্যাসহ কমিটির সভাপতির কাজে অস্বচ্ছতা ও অধ্যক্ষের সাথে যোগসাজসে আর্থিক অনিয়মসহ বিভিন্ন ধরনের অনিয়ম করায় কেন তার সভাপতি মনোনয়ন বাতিল করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ)টি কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক

- ১। অধ্যক্ষ, বাসুদিয়া নেছারিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা  
ডাকঘর: বালিগাও, উপজেলা: লৌহজং, জেলা: মুস্বীগঞ্জ।
- ২। সভাপতি, বাসুদিয়া নেছারিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা  
ডাকঘর: বালিগাও, উপজেলা: লৌহজং, জেলা: মুস্বীগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১১১১১১১/মুস্বীগঞ্জ -১৭/৩২৬৭/ ৭

তারিখঃ ২৬.০৬.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, মুস্বীগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, লৌহজং, মুস্বীগঞ্জ।
৩. জেলা শিক্ষা অফিসার, মুস্বীগঞ্জ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লৌহজং, মুস্বীগঞ্জ।
৫. জনাব মো: ইকবাল হোসেন, মো: মুরাদ হোসেন, মো: আ: রহিম, অভিভাবক সদস্য, বাসুদিয়া নেছারিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা।  
ডাকঘর: বালিগাও, উপজেলা: লৌহজং, জেলা: মুস্বীগঞ্জ।
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪